

শামস্ রহমান  
প্রতিবাদের  
সুর

ঘটনার নৃশংসতায় আমি ক্রুদ্ধ।  
প্রশান্ত পাড়ে অশান্ত চিত্তে কাটে আমার প্রতিটি মূহর্ত।

আজ শুক্রবার আটই চৈত্র -  
চোদ্দশ পঁচিশের প্রতিদিনের মতই আর একটি দিন।  
ভর দুপুরে নূরের বিস্মৃণ দুয়ারে কাঁধ মিলিয়ে কাতারে দাঁড়িয়েছি একান্ত উপাসনায়।  
নিষ্ঠুর হত্যাকাণ্ডের বিরুদ্ধে এ আমার এক ঐকান্তিক প্রতিক প্রতিবাদ।

এত রক্ত! জড়ছে  
সেই যে যীষুর পেরেক বিদ্ধ চরণ বেয়ে কারবালার প্রান্তর ছুঁয়ে ক্রাইস্টের চার্চে!  
ঝড়তে পার আরও চূর্ণ করে বুকের পাতর বিদ্ধ করে সহস্র পেরেক;  
পারবে না কেবল কেড়ে নিতে আমার ত্রদয়ে গোচ্ছিত বিবেক।  
স্রষ্টাকে সাক্ষ্য রেখে নিবির প্রার্থনায় এই আমার অনড় উচ্চারণ -  
শান্তি বর্ষিত হোক সবার উপর, যারা আমার ডান দিকে দিগন্ত পর্যন্ত দাঁড়িয়ে;  
শান্তি বর্ষিত হোক সবার উপর, যারা আমার বা দিকে দাঁড়িয়ে দিগন্ত ছাড়িয়ে।।

---

২২ শে মার্চ ২০১৯, মেলবর্ণ